বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১৮

তারিখ: ২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## সার্কুলার

**বিষয়: পিপিআর, ২০২৫ এবং অর্থ মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারী ২০২৬ খ্রিঃ তারিখে জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ মোতাবেক ক্রয় কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখে "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ (পিপিআর, ২০২৫)" জারী করা হয়েছে। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১ (অংশ-১)-২৯ তারিখঃ ১৯ জানুয়ারী, ২০২৬ খ্রিঃ মোতাবেক উন্নয়ন প্রকল্প ও পরিচালন খাতের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ এর পরিপত্র জারী করা হয়েছে। সে প্রেক্ষিতে বাপাউবো'র "আর্থিক ক্ষমতা অর্পণ-২০২৬" প্রণয়ন চলমান রয়েছে। বাপাউবো'র "আর্থিক ক্ষমতা অর্পণ-২০২৬" জারীর পূর্ব পর্যন্ত বাপাউবো'র ক্রয় সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

### ২। উন্নয়ন প্রকল্পের জন্যঃ

ক) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) এর মাধ্যমে পণ্য, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে, প্রকল্প পরিচালক ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন। ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ও চুক্তি অনুমোদন করবেন। প্রকল্প পরিচালক ক্রয়কারী হলে ক্রয় পরিকল্পনা, দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় এবং চুক্তি অনুমোদন করবেন।

খ) নগদ ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প পরিচালক পিপিআর, ২০২৫ এর বিধি-১০০ মোতাবেক ক্রয় কার্যক্রম পরিচালনা করবেন।

গ) সরাসরি ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০২৫ এর বিধি-৯৯ (১) (ড) মোতাবেক অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা ভৌত সেবার ক্ষেত্রে, ক-শ্রেনীর প্রকল্প পরিচালক ৩.০০ (তিন) লক্ষ টাকা, খ-শ্রেনীর প্রকল্প পরিচালক ২.০০ (দুই) লক্ষ টাকা এবং গ-শ্রেনীর প্রকল্প পরিচালক ১.০০ (এক) লক্ষ টাকা (প্রতিটি ক্ষেত্রে) ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন। বিশেষ ক্ষেত্রে উল্লিখিত সীমার বেশি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) মোতাবেক ক্রয় পরিকল্পনা ক্রয়কারী কার্যালয় প্রধান হিসেবে মহাপরিচালক, বাপাউবো মহোদয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে। ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ও চুক্তি অনুমোদন করবেন। প্রকল্প পরিচালক ক্রয়কারী হলে ক্রয় পরিকল্পনা , দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় এবং চুক্তি অনুমোদন করবেন।

### ৩। পরিচালন খাতের জন্যঃ

ক) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) এর মাধ্যমে কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী/ সমমানের কর্মকর্তাগণ ৮.০০ (আট) লক্ষ টাকা পর্যন্ত কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পরিকল্পনা ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন। সংশ্লিষ্ট ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় এবং চুক্তি অনুমোদন করবেন।

খ) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) এর মাধ্যমে পণ্য ক্রয়ের ক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী/ সমমানের কর্মকর্তাগণ ৪.০০ (চার) লক্ষ টাকা পর্যন্ত পণ্য ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন । সংশ্লিষ্ট ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় এবং চুক্তি অনুমোদন অনুমোদন করবেন।

গ) নগদ ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারী পিপিআর, ২০২৫ এর বিধি-১০০ মোতাবেক এবং অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ এর (খ).(৬) উল্লেখিত আর্থিক ক্ষমতা মোতাবেক ক্রয় কার্যক্রম পরিচালনা করবেন।

ঘ) সরাসরি ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০২৫ এর বিধি-৯৯ (১) (ড) মোতাবেক অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা ভৌত সেবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলীগণ ২.০০ (দুই) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ক্রয় পরিকল্পনা অনুমোদন করবেন এবং বিশেষ ক্ষেত্রে ৭.০০ (সাত) লক্ষ

টাকা পর্যন্ত  মহাপরিচালক, বাপাউবো মহোদয় হতে ক্রয় পরিকল্পনা অনুমোদন গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ক্রয়কারী দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ও  চুক্তি অনুমোদন করবেন।

৪।  কার্যসমাপ্তির তারিখ সম্প্রসারণের ক্ষেত্রে উন্নয়ন ও পরিচালন বাজেট উভয়ের ক্ষেত্রে,  ক্রয়কারী কর্তৃক মূল সময়সীমার অতিরিক্ত ৩০% সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমান ৬০%, সংশ্লিষ্ট অতি:প্রধান প্রকৌশলী/প্রধান প্রকৌশলী/সমমান ১০০% পর্যন্ত সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করতে পারবেন। কার্যসমাপ্তির মূল সময়সীমার অতিরিক্ত ১০০% এর বেশী সময়বৃদ্ধির প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সচিবের অনুমোদন প্রয়োজন হবে। উন্নয়ন সহযোগী/জিওবি অর্থায়নে Cluster প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরিচালকগণ ক্রয়কারী না হলে ১০০% সময় বৃদ্ধি অনুমোদন করতে পারবেন। অন্যান্য দপ্তরের ক্ষেত্রে ক্রয়কারীর একধাপ উপরের কর্মকর্তা ১০০% সময় বৃদ্ধি অনুমোদন করতে পারবেন। বিপিপিএ এর স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(৪).২৫-১০৯ তারিখঃ ১০ নভেম্বর ২০২৫ মোতাবেক জারীকৃত পরিপত্র অনুসারে যে সকল ক্রয় চুক্তির সময়বৃদ্ধির আবেদন অনুমোদনের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণ করা হবে, সে সকল ক্ষেত্রে “বাপাউবো’র আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬” অনুসরণপূর্বক সময়বৃদ্ধির আবেদন অনুমোদন করতে হবে।

৫। “বাপাউবো’র আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬” এর অপরাপর বিষয়সমূহ অপিরবর্তিত থাকবে।

৬। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলারটি অবিলম্বে কার্যকর হবে।


১৫-০২-২০২৬
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ফোন : ০২২২২২৩০০১৫
ইমেইল : se.cpc.bwdb@gmail.com


**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
২। প্রকল্প পরিচালক (সকল), ................................................, বাপাউবো।
৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো’র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো এবং
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।


১৫-০২-২০২৬
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)